দুর্নীতিতে কার্যকারিতা হারিয়েছে অনেক সমবায় সমিতি: রাষ্ট্রপতি



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

দুর্নীতির কারণে দেশের অনেক সমবায় সমিতি কার্যক্রম পরিচালনার সক্ষমতা হারিয়েছে বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সমবায় খাতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার ওপর গুরুত্ব দিয়ে তিনি বলেছেন, এ খাতকে কার্যকর করতে ব্যবস্থাপনায় পরিবর্তন আনতে হবে।

রোববার (৮ নভেম্বর) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ৫৫তম জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠানে এসব কথা বলেন রাষ্ট্রপতি। সমবায় অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

রাষ্ট্রপতি বলেন, সমবায়ের কাজ শুধু পণ্য উৎপাদন বা ব্যবসার মধ্যে সীমাবদ্ধ নয়। গ্রামীণ অর্থনীতির বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য হ্রাস এবং প্রান্তিক মানুষের জীবনমান উন্নয়নে এ খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই সম্ভাবনাকে কাজে লাগিয়ে স্বাবলম্বী ও স্বনির্ভর বাংলাদেশ গড়তে সমবায়কে কার্যকর হাতিয়ার হিসেবে গড়ে তোলার আহ্বান জানান তিনি।

বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির প্রভাবে জ্বালানি সংকটসহ অর্থনীতিতে নানা চ্যালেঞ্জ তৈরি হয়েছে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, এসব পরিস্থিতি মোকাবিলা এবং অর্থনীতির গতি সচল রাখতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

সমবায় খাতের দুর্বলতা কাটাতে স্বচ্ছতা, জবাবদিহি ও দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করার তাগিদ দেন মির্জা ফখরুল। তিনি বলেন, দুর্নীতির কারণে অনেক সমিতি তাদের কার্যকারিতা হারিয়েছে। এ অবস্থা থেকে বেরিয়ে আসতে সমবায় ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহি প্রতিষ্ঠা জরুরি।

অনুষ্ঠানে সমবায় খাতে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের হাতে জাতীয় সমবায় পুরস্কার-২০২৫ তুলে দেন রাষ্ট্রপতি।